

সেবার বিবরণ	সেবা প্রদানকারী/ বাস্তবায়নকারী	সেবাসমূহ গ্রহণকারী
<p><b>চিকিৎসা সেবা :</b> বিনামূল্যে চিকিৎসা এবং ঔষধ সরবরাহ করা হয়।</p>	মেডিকেল অফিসার।	বিভিন্ন কলকারখানা ও শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যগণ।
<p><b>পরিবার পরিকল্পনা সেবা :</b> প্রজননগত স্বাস্থ্য সেবা এবং পরিবার পরিকল্পনা সম্পর্কে পরামর্শ প্রদানসহ জন্ম নিয়ন্ত্রন সামগ্রী বিতরণ করা হয়।</p>	জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা।	বিভিন্ন কলকারখানা ও শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যগণ।
<p><b>চিত্তবিনোদন সেবা :</b> শ্রম কল্যাণ কেন্দ্রে বিভিন্ন প্রকার চিত্তবিনোদন সামগ্রী (সংবাদপত্র, বই-পুস্তক, টিভি, খেলাধুলার সরঞ্জাম ইত্যাদি) রয়েছে। কলকারখানা ও শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যগণ এগুলোর সুবিধা গ্রহণ করতে পারেন।</p>	শ্রম কল্যাণ সংগঠক।	বিভিন্ন কলকারখানা ও শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যগণ।
<p><b>শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্স :</b> শ্রমিক কর্মচারীদের জন্য ০৫ দিন মেয়াদি শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা রয়েছে। এ প্রশিক্ষণের মাধ্যমে তারা শ্রম আইন, শ্রমিকদের অধিকার ও দায়িত্ব, উৎপাদনশীলতা, কর্মপরিবেশ, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইত্যাদি বিষয়ে জ্ঞান লাভ করতে পারেন। প্রশিক্ষনার্থীদের উপস্থিতি সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হয়।</p>	মেডিকেল অফিসার, জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা, শ্রম কল্যাণ সংগঠক।	বিভিন্ন কলকারখানা ও শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারী এবং ট্রেড ইউনিয়নের সদস্যগণ।
<p><b>গণশুনানী :</b> সপ্তাহে প্রতি সোমবার অত্র দপ্তরে গণশুনানী গৃহীত হয়। মালিক এবং শ্রমিকগণ শ্রম কল্যাণ কেন্দ্রে এসে গণশুনানীতে অংশগ্রহণ করতে পারেন।</p>	মেডিকেল অফিসার, জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা, শ্রম কল্যাণ সংগঠক।	বিভিন্ন কলকারখানা ও শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারী, মালিক এবং ট্রেড ইউনিয়নের সদস্যগণ।
<p><b>শ্রমিকদের জীবন যাত্রার মান উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান :</b> শ্রম কল্যাণ কেন্দ্রের কর্মকর্তা / কর্মচারী কর্তৃক শ্রমিক কলোনিসমূহ পরিদর্শনের মাধ্যমে শ্রমিকদের জীবন যাত্রার মান উন্নয়নে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন।</p>	জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা, শ্রম কল্যাণ সংগঠক।	বিভিন্ন কলকারখানা ও শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক/কর্মচারী এবং তাদের পরিবারের সদস্যগণ।